

# মেধাবৃত্তির অর্থের পরিমাণ নিয়ে শিক্ষাঙ্গনে বিভ্রান্তি

যুগান্তর রিপোর্ট

মেধাবৃত্তির অর্থের পরিমাণ নিয়ে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। মেধাবৃত্তি প্রকল্প কর্তৃপক্ষ বলছে, প্রাথমিক বৃত্তি থেকে স্নাতকোত্তর পর্যন্ত মেধা এবং সাধারণ বৃত্তির মাসিক হার বাড়ানো হয়েছে। সেই সঙ্গে তা কার্যকরও হয়েছে। কিন্তু বিভিন্ন স্কুল-কলেজ কর্তৃপক্ষ অভিভাবক ও শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা করে জানা গেছে, শুধু জুনিয়র (অষ্টম শ্রেণী) বৃত্তি এবং এসএসসির ফলাফলের ওপর বৃত্তির টাকা বৃদ্ধি ছাড়া ১৫ ক্যাটাগরির কোথাও এক টাকাও বাড়েনি। গত ২৯ ডিসেম্বর যুগান্তর 'মেধাবৃত্তি' এক পৃষ্ঠা এক পয়সা বাড়েনি' শিরোনামে বরষ প্রকাশের পর মেধাবৃত্তি প্রকল্প যুগান্তরকে জানায়, গত ২০০১-২০০২ অর্থবছরে প্রাথমিক থেকে স্নাতকোত্তর পর্যন্ত মেধাবৃত্তির মাসিক হার বাড়ানো হয়েছে। সংশ্লিষ্ট স্কুল-কলেজসহ ১৭ ক্যাটাগরির বৃত্তিদারদের বৃদ্ধি করেন।

করা বৃত্তির টাকাও পাচ্ছে। মেধাবৃত্তি প্রকল্পের গবেষণা কর্মকর্তা আবদুল মালেক খান জানান, প্রাথমিক ট্যালেন্টপুলে মাসিক বৃত্তি ১২৫ টাকা আর সাধারণ বৃত্তি ৫০ টাকার স্থলে বৃদ্ধি করা হয়েছে যথাক্রমে ১৬০ এবং ১০০ টাকা। জুনিয়র (মাধ্যমিক) ট্যালেন্টপুলে এবং সাধারণ বৃত্তির টাকা ২০০ এবং ৮০ টাকার স্থলে বৃদ্ধি পেয়ে হয়েছে যথাক্রমে ২৫০ ও ১৫০ টাকা। এসএসসি পরীক্ষার ফলাফলের ওপর ট্যালেন্টপুলে আগের ৩৩০ টাকার স্থলে ৩৮০ টাকা এবং সাধারণ ১২৫ টাকার স্থলে ১৬০ টাকায় বৃদ্ধি পেয়েছে। মেধাবৃত্তি প্রকল্প সূত্র জানায়, এইচএসসি (মেডিকেল ও পাস কোর্সে) অধ্যয়নরত রাধা হয়েছে। তার সাধারণ ১০০ টাকা, কোন কোন ক্ষেত্রে ১০০ টাকা বৃদ্ধি করা হয়েছে। এছাড়া অর্থ: পৃষ্ঠা: ২ কলাম: ৮

**কর্তৃপক্ষের বক্তব্য, টাকা বেড়েছে। শিক্ষার্থীরা বলছে, ঠিক নয়**

## অর্থ : মেধাবৃত্তি

(৩য় পৃষ্ঠার পর) দাবিল, আশিষ, ফাজিল, ইডাস্ট্রিয়াল, আর্টস, চার ও কারুকলা, এমএফএ ও ডোকেশনালে বৃত্তির অর্থের পরিমাণ বৃদ্ধি করা হয়েছে। গতকাল এ ব্যাপারে রাজধানীর বিভিন্ন স্কুল-কলেজে যৌক্তিক নিয়ে জানা যায়, জুনিয়র (অষ্টম শ্রেণী) এবং এসএসসি বৃত্তি ছাড়া কোন মেধাবৃত্তিতেই টাকা বাড়েনি। আইডিয়াল স্কুল এন্ড কলেজের (স্কুল শাখার) অফিস সহকারী কাজেন আলী যুগান্তরকে বলেন, জুনিয়র স্তরে (অষ্টম শ্রেণী) ট্যালেন্টপুলে ২৫০ টাকা এবং সাধারণ ১৫০ টাকা বৃদ্ধি পেয়েছে। কিন্তু প্রাথমিক স্তরে (পঞ্চম শ্রেণী) মেধাবৃত্তি এক টাকাও বাড়েনি। এ ব্যাপারে সরকারিভাবে কোন পরও তারা পাননি বলে কাজেন আলী জানান। আইডিয়াল স্কুল এন্ড কলেজের (কলেজ শাখার) অফিস সহকারী শিরাজুল হক মজুমদার এসএসসির বৃত্তি সম্পর্কে বলেন, এসএসসির ট্যালেন্টপুলে ও সাধারণে আগের ৩৩০ এবং ১২৫ টাকার স্থলে বৃদ্ধি করে ৩৮০ এবং ১৬০ টাকা করা হয়েছে। গত ২৩ ডিসেম্বর, সরকারি এক প্রজ্ঞাপনে এই টাকা বৃদ্ধি করা হয়। কিন্তু এখন পর্যন্ত তা কার্যকর হয়নি। হলিউস স্কুল কর্তৃপক্ষ বলেছে, জুনিয়র স্তরে (মাধ্যমিক) বৃত্তির টাকা বৃদ্ধির নির্দেশ তারা জানুয়ারিতে পেয়েছেন। কিন্তু প্রাথমিক স্তরে (পঞ্চম শ্রেণী) বৃত্তির টাকা বৃদ্ধি পায়নি। তিকাকান নিসা নূন কলেজের ক্যাশিয়ার সাঈদা পারভীন জানান তিনি অষ্টম শ্রেণী ও এসএসসির মেধাবৃত্তির টাকা বেড়েছে বলে শুনেছেন। এ ব্যাপারে এখনও কোন নির্দেশ পাননি তারা। অরুজমপুর গার্লস স্কুল এন্ড কলেজ কর্তৃপক্ষও একই কথা জানান। এদিকে টিএডটি স্কুল এন্ড কলেজের ষষ্ঠ শ্রেণীর ছাত্রী শারমিন জানান, সে দিনকুশা সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে প্রাথমিক স্তরে সাধারণ বৃত্তি পেয়েছে। সে আগের ৫০ টাকা করেই বৃত্তির টাকা পাচ্ছে। কোন টাকা বাড়েনি। শারমিনের অভিযোগ, টাকা তুলতে গেলেও নানা ঝামেলা হয়। কলেজ কর্তৃপক্ষ এই যৎসামান্য টাকাতে নানা খরচ জুড়ে দেয়।